**মেয়র**
**জন কেটসিমাটিদিস (John Catsimatidis)** (R)

**আমি John Catsimatidis, আমি মেয়র পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি এবং আমি আপনার ভোট চাই।**

**আমি বিগত ৪০ বছর ব্যাপী একজন CEO। এই নির্বাচনে আমি একমাত্র ব্যক্তি যার ব্যবস্হাপনার অভিজ্ঞতা রয়েছে যা নিউ ইয়র্ক সিটির মত $৭০ বিলিয়নের প্রতিষ্ঠান চালানোর জন্য প্রয়োজন দক্ষতা আছে।**

**আমরা সিটির আত্মার জন্য সংগ্রাম করছি। আমি এই ক্ষেত্রে একজন প্রার্থী যিনি Ray Kelly কে সমর্থন করি এবং NYPD-এর প্রচেষ্টার উপর, যা দ্বারা আমাদের মহাসড়কে বন্দুকধারীদের তৎপরতা বন্ধ করে এবং আমাদের ছেলেমেয়েদেরকে হত্যার হাত হইতে রক্ষা করে।**

**আমার প্রনীত শিক্ষানীতিমালায় বৃত্তিমূলক শিক্ষার উপর জোর দেয়া হবে- যদি তারা প্রতিষ্ঠান ভিত্তিক কোর্স করতে না চায় এবং ছাত্র-ছাত্রীদেরকে যে কোন কারিগরি শিক্ষা গ্রহণে সুযোগ পাবে।**

**এই সমস্ত ভবিষ্যতের প্লাম্বার, বৈদ্যুতিক কারিগর এবং কাঠ মিস্ত্রী সমূহ হবে ভবিষ্যতের উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসার মালিক।**

**গরীব নেইবারহুর এলাকায় আমাদের শিক্ষা ব্যবস্থা শিশুদের জন্য ফাঁদ পেতে আছে। আমি ১২৫তম সড়ক বড় হয়েছি NYC-এর সরকারী স্কুলে গিয়েছি।**

**কিন্তু আমি এটাকে বাইরে রেখেছি এবং তারাও অবশ্য তা পারবে।**

**আমি শিশুদেরকে সাহায্যের জন্য ৩০ বছর ব্যাপি PAL বোর্ডে ছিলাম।**

**এই প্রতিদ্বন্দ্বিতায় একমাত্র আমি নিউ ইয়র্ক সিটিতে হাজার হাজার চাকুরীর ক্ষেত্র তৈরী করেছি।**

**মেযর হিসেবে আমি অধিক সংখ্যক চাকুরীর ক্ষেত্র তৈরী করবো এবং অর্থনৈতিক উন্নয়নে সুস্পষ্ট পদ্ধতির অগ্রগতি সাধন করবো।**

**বৃহৎ ধারণা সম্পন্ন দর্শনশক্তি আমার আছে।**

**আমি ২১তম শতকের বিশ্ব মেলায় আয়োজন করতে চাই এবং পাঁচটি এলাকার প্রতিটিতে প্যাভিলিয়ন বা অবস্থান ক্ষেত্র থাকবে।**

**আমি উপরি পথ নির্মাণ করতে চাই যা হবে সস্তা, নিরাপদ এবং অধিকতর উপযোগী বিগত শতাব্দীর চেয়ে এবং সাবওয়ে বৃদ্ধিতে বহু বিলিয়ন খরচ করব।**

**আমি একজন সাধারণ জ্ঞান সম্পন্ন ব্যবসায়ী যার মেয়র হবার দক্ষতা এবং অভিজ্ঞতা রয়েছে।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*

**মেয়র**

**জোসেফ জে. লোটা (Joseph J. Lhota)** (R)

**হাই! আমি Joe Lhota এবং আমি পরবর্তী মেয়র হওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি ব্রংক্সে জন্ম গ্রহন করি অল্প বয়স্ক পিতা মাতার ঘরে। আমার পিতা NYC-এর একজন পুলিশ ছিলেন। তাহার পিতা NYC-এর একজন অগ্নিনির্বাপক এবং আমার মাতার পিতা ছিলেন সিটির একজন টেক্সিচালক। প্রথম থেকে নিউ ইয়র্ক সিটির ঘটনাবলী আমার রক্তের সহিত মিশ্রিত। আমার পরিবারে আমিই প্রথম যিনি কলেজে গেছেন। স্নাতক ডিগ্রী লাভ করার পর আমি নিউ ইয়র্কে ফিরে আসি এবং বিগত পঁচিশ বছর ব্যাপী আমার পরিবার এবং আমি ব্রুকলীনে বাস করেছি। আমি ওয়াল ষ্ট্রীটে আমার পেশাগত জীবন শুরু করি তখন চাকুরীর প্রচুর সুযোগ ছিল এবং রুডি জুলিয়ানির প্রশাসনের বাজেট পরিচালক ও উপ-মেয়র হিসাবে উভয় ক্ষেত্রে। নিউ ইয়র্ক নগরীর জন্য তখন ছিল একটি ব্যতিক্রমী সময় কাল -পরিবর্তনের একটি যুগ। আপনাদের অনেকে এখন মনে করতে পারেন এবং অনেকে পারেন না। কিন্তু সেই সময় নগরীটিকে বলা হতো ব্যবস্থাপনা এবং প্রশাসন অসম্ভব একটি নগর হিসেবে। আমাদের সড়ক পথগুলি সর্বদা সন্ত্রাসী অপরাধে ভরপুর থাকতো এবং সর্বত্র অর্থনৈতিক বিশৃংখলা লেগে থাকতো, সিটির বাসিন্দারা অন্য কোথাও অপেক্ষাকৃত উন্নত জীবন মানের আশা করতো। কিন্তু সঠিক নেতৃত্ব এবং সঠিক নীতিমালার দ্বারা এগুলোর পরিবর্তন শুরু হয়। অপরাধ প্রবনতা স্মরনীয় ভাবে কমে আসে। ব্যবসা-বানিজ্য উজ্জ্বল হয়ে উঠে এবং সিটিটি পুন:জন্মের অভিজ্ঞতা লাভ করে। বর্তমানে আমরা আমেরিকায় নিরাপদ বৃহৎ নগরীতে বাস করি। লোকজন নগরীর অংশ বিশেষে বাস করেছে যা তারা পুর্বে কখনো পারে নাই এবং জৈব প্রযুক্তি থেকে উচ্চ প্রযুক্তির নতুন শিল্প তৈরী করছি। আমরা আমাদের স্কুল পদ্ধতিতে অবশ্য সংস্কার সাধনের কাজ আরম্ভ করেছি। কিন্তু আমাদের অগ্রগতি ভঙ্গুর এবং সংশয়ের মধ্যে যা ভুল পদ্ধতি অবলম্বন করলে হিতেবিপরীত হতে পারে, যা নির্ভর করে আমাদের নতুন মেয়রের কার্যক্রমের উপর। নিউ ইয়র্ক সিটি প্রশাসন $৭০ বিলিয়ন প্রতিষ্ঠান দ্বারা বেষ্টিত যেখানে ৩০০,০০০ জন কর্মরত আছে। আমি বিশ্বাস করি যে আমাদের পরবর্তী মেয়র অবশ্যই সরকারী ও বেসরকারী উভয়ক্ষেত্রের অভিজ্ঞতা সম্পন্ন হবেন যা দ্বারা বৃহত্তর প্রশাসন, জটিল প্রতিষ্ঠান এবং এই সিটিকে প্রাক-উন্নয়ন সিটি হতে নেতৃত্ব দিবেন, ৫টি বরোর কৌশল। আমি কিছু উজ্জ্বল এবং গর্বিত মুহুর্তে নিউ ইয়র্কবাসীদের সেবা করেছি আমাদের এবং অবশ্য আমাদের বৃহত্তর চ্যালেঞ্জের সময়। আমি বিশ্বাস করি যে আমাদের উত্তম দিন গুলি এখনও সামনে পড়ে আছে। সম্বন্নিত ভাবে আমাদের সিটিকে সামনে এগিয়ে নিতে হবে। আমি আশা করি নির্বাচনের সময় আপনারা ভোট দিয়ে আমার কথার প্রতিফলন ঘটাবেন। ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**

**জর্জ ম্যাকডোনাল্ড (George McDonald)** (R)

**আমার নাম George McDonald এবং আমি মেয়র পদপ্রার্থী – শুনার জন্য ধন্যবাদ। আপনারা যদি এই ভিডিও দেখেন, তাহলে আপনারা সম্ভবত জানেবেন যে বিগত বিশ বছরের মধ্যে এবারের নির্বাচন সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। কিন্তু সত্য কথা হচ্ছে আপনারা সংখ্যালঘু। হিসাবমতে ৮ মিলিয়নের উপরে লোক সংখ্যা অধ্যূসিত এই সিটিতে রিপাবলিকান প্রাইমারীতে–মাত্র ৫০,০০০ ভোটার আসবে। কিন্তু আমি মনে করি এতে আশ্চর্য হওয়ার মতো কিছু নেই যখন আলবেনী থেকে নির্গত অপরাধের ঢেউ ধীরগতিতে এবং মেয়র পদে প্রতিদ্বন্দ্বী এক প্রার্থীর “টুইটিং” সমস্যার কারনে জনগণ রাজনীতির প্রতি বিরক্ত হয়ে পড়েছে। আমি মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করছি এ জন্যে যে আমিও রাজনীতির প্রতি বিরক্ত। আমি বিরক্ত দূর্নীতি এবং যেসব কায়েমী স্বার্থ যা এই সিটিকে এর সেই অনিয়ন্ত্রিত অবস্থার দিনগুলিতে ফিরিয়ে নিয়ে যেতে চায়। পঁচিশ বছর আগে একটানা ৭০০ রাত গ্রান্ড সেন্ট্রাল স্টেশনে গিয়েছিলাম সেখানকার গৃহহীনদের খাওয়ানো ও তাদের কি বলার ছিল তা শোনার জন্য । স্যান্ডউইচ উপভোগ করতে করতে–তারা বলেছিল, প্রকৃতপক্ষে তাদের প্রয়োজন ছিল একটা ঘরের আর এর ভাড়া পরিশোধের জন্য একটা কাজের। অতএব আমার স্ত্রী Harriet ও আমি আমাদের রান্নাঘরে টেবিলে বসে ডো ফান্ড সৃষ্টি করেছিলাম–একত্রে আমরা বার্ষিক $৫০ মিলিয়ন একটা ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলি যার মাধ্যমে আক্ষরিক অর্থে হাজার হাজার মানুষ এক একটা কর্মক্ষমতা অর্জন করে জীবনটাকে পুনরুদ্ধারে সক্ষম হয়। মেয়র হিসাবে, আমার লেজারের মত নজর থাকবে সকল নিউ ইয়র্কবাসীর জন্য কর্মসংস্থান ও সুযোগ সুবিধা সৃষ্ঠির প্রতি। আমরা কর্মক্ষমতা অর্জন করে আমাদের সিটি, আমাদের কমিউনিটি এবং আমাদের পরিবার, সকল পরিবারসমূহকে–নিরাপদ, শক্তিশালী এবং অধিকতর ভাল করে তুলবে একটি কর্মসংস্থানের মাধ্যমে। এই উচ্চ বেকারত্ব হার কে ”নতুন নরমাল” ভেবে কিছুতেই গ্রহন করতে পারি না। ক্ষয়িষ্ণু আশা আকাংখা কবলিত সিটিকে ”নতুন নরমাল” হিসেবে আমরা কিছুতেই মেনে নিতে পারিনা এবং আমেরিকান ড্রিমকে মধ্যবিত্ত শ্রেনীতে উত্তোরনের সাদামাঠা সংজ্ঞায়িতকরন আমরা কিছুতেই ”নতুন নরমাল” ভাবে মেনে নিতে পারি না। প্রাইমারীর দিনে, সেপ্টেম্বরের ১০ তারিখে, কাজের জন্য ভোট দিন, সুন্দর আশা আকাঙ্খার জন্য ভোট দিন এবং মেয়র পদে George McDonald কে ভোট দিন। আপনাদের ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*